গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন (৪র্থ তলা)
১৫ কলেজ রোড, ঢাকা-১০০০।

নং জেএসসি/পনিদ/নিয়োগ-৫ম বিজেএস/৩/২০১০/৪৮৫ তারিখঃ ২৮/০৬/২০১০ ইং

বিজ্ঞাপন

পঞ্চম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০১০ (৫ম বিজেএস পরীক্ষা, ২০১০)

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের **সহকারী জজ** পদে নিয়োগের লক্ষ্যে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে উপযুক্ত ব্যক্তিগণকে বাছাই, মনোনয়ন ও মহামান্য রাষ্ট্রপতির নিকট সুপারিশের উদ্দেশ্যে নিম্নবর্ণিত তথ্যাদি অনুসারে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

জ্ঞাতব্য বিষয়সমূহ

১। **পদ সংখ্যা ঃ**
১০১ (একশত এক)
(পদ সংখ্যা বাড়ানো বা কমানোর অধিকার সংরক্ষিত)

২। **বেতন স্কেল ঃ**
টাকা ১১,০০০-৪৯০x৭-১৪,৪৩০-ইবি-৫৪০x১১-২০,৩৭০ তৎসহ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন-ভাতাদি) আদেশ, ২০০৯ এ বর্ণিত অন্যান্য সুবিধাদি।

৩। **আবেদনপত্র সংগ্রহ ও পৌঁছানোর শেষ তারিখ এবং ঠিকানা ঃ**

(ক) আবেদনপত্র ফরম **০৮/০৭/২০১০ ইং তারিখ হতে ০২/০৮/২০১০ ইং** তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে। আবেদনপত্র ফরম সোনালী ব্যাংকের যে সকল শাখায় পাওয়া যাবে তার তালিকা এবং পরীক্ষার ফি বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি অনুচ্ছেদ- ১১ এবং ১২ তে বর্ণিত আছে।

(খ) আবেদনপত্র পৌঁছানোর **শেষ তারিখ ০২/০৮/২০১০ ইং**। প্রার্থীগণ প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে **সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন (৪র্থ তলা), ১৫ কলেজ রোড, ঢাকা-১০০০** ঠিকানায় আগামী **০২/০৮/২০১০ ইং তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে** সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে পৌছান নিশ্চিত করবেন। যে মাধ্যমেই পাঠানো হোক না কেন আবেদনপত্র উক্ত তারিখ ও সময়ের মধ্যে উক্ত ঠিকানায় পৌছান প্রার্থীর দায়িত্ব। উক্ত তারিখ ও সময়ের পরে কোন অবস্থাতেই কোন আবেদনপত্র গৃহীত হবে না।

(গ) বিদেশে অবস্থানরত প্রার্থীগণও ১২ অনুচ্ছেদে উল্লেখিত সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে আবেদনপত্র ফরম ক্রয় করতে পারবেন। এরূপ প্রার্থীগণ (ক) ও (খ) তে বর্ণিত পদ্ধতি ও শর্তে এবং বর্ণিত শেষ তারিখ ও সময়ের মধ্যে কমিশন সচিবালয়ের ঠিকানায় পূরণকৃত আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র পৌছানো নিশ্চিত করবেন।

৪। **প্রার্থীর বয়স ঃ**
০১/০৭/২০১০ ইং তারিখে অনধিক ৩০ (ত্রিশ) বছর।
(মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষার মূল সনদপত্র অনুযায়ী বয়স নির্ধারিত হবে। এফিডেফিট গ্রহণযোগ্য নয়)

৫। **প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ঃ**

(ক) **ন্যূনতম যোগ্যতা ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর স্নাতক অথবা দ্বিতীয় শ্রেণীর এলএল.এম ডিগ্রী। উক্ত পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীও (ঘ) তে উল্লেখিত শর্তে আবেদন করতে পারবেন।

(খ) **সিজিপিএ মূল্যায়ন পদ্ধতি ঃ** কোন প্রার্থীর ফলাফল উক্তরূপ শ্রেণীর পরিবর্তে সিজিপিএ আকারে প্রকাশিত থাকলে, বিশ্ববিদ্যালয় প্রদত্ত সনদে উল্লেখিত স্কেল (যেমন- ৪ বা ৫) কে প্রচলিত নম্বর পদ্ধতিতে ৮০% এর সমান ধরা হবে। তদনুসারে প্রার্থীর ফলাফলকে প্রথম শ্রেণী (৬০% বা তদূর্ধ্ব), দ্বিতীয় শ্রেণী (৪৫% বা তদূর্ধ্ব কিন্তু ৬০% এর কম), তৃতীয় শ্রেণী (৩৩% বা তদূর্ধ্ব কিন্তু ৪৫% এর কম) হিসাবে নির্ধারণ করা হবে। এতদ্উদ্দেশ্যে নিম্নবর্ণিত সূত্র অনুসরণ করা হবে ঃ

$$\frac{৮০}{\text{বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুসৃত সিজিপিএ স্কেল (যেমন- ৪ বা ৫)}} \times \text{অর্জিত সিজিপিএ} = \text{অর্জিত শতকরা নম্বর}$$

এ বিষয়ে বিস্তারিত বিবরণ কমিশন কর্তৃক প্রকাশিত "তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস" সম্বলিত পুস্তিকার প্রথম অধ্যায়ের ২ অনুচ্ছেদে বর্ণিত আছে।

* কোন ক্ষেত্রে উক্ত পুস্তিকার নির্দেশনা অনুসারে শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ সম্ভব না হলে কমিশন চূড়ান্ত সিদ্ধান্ত নিবে।

(গ) **বিদেশী ডিগ্রী ঃ** বিদেশ হতে অর্জিত আইন বিষয়ে কোন ডিগ্রীকে সহকারী জজ পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে কোন প্রার্থী দাবী করলে তিনি তার অর্জিত ডিগ্রীর সনদ সংযুক্ত করে আবেদনপত্র জমা দিতে পারবেন। তবে মৌখিক পরীক্ষার সময় শিক্ষা মন্ত্রণালয়ের স্বীকৃত ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সার্টিফিকেটের মূল কপি প্রদর্শন ও সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ঘ) **পরীক্ষায় অবতীর্ণ প্রার্থী ঃ** আইন বিষয়ে স্নাতক অথবা এলএল.এম ডিগ্রী পরীক্ষায় অবতীর্ণ কোন প্রার্থী আবেদনপত্র দাখিল করতে পারবেন এবং তাদের আবেদনপত্র নিম্নরূপ শর্ত সাপেক্ষে সাময়িকভাবে গৃহীত হবে ঃ-

১. উক্ত পরীক্ষা আবেদনপত্র দাখিলের শেষ তারিখে বা তৎপূর্বে শেষ হতে হবে।
২. প্রার্থী উক্ত পরীক্ষায় অবতীর্ণ হয়েছেন মর্মে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক/বিভাগীয় প্রধান/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
বিজেএস- এর মৌখিক পরীক্ষার সময় আইন বিষয়ে উক্ত ডিগ্রী পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী/সমমানের গ্রেড অর্জনের প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয়ের মূল/সাময়িক সনদপত্র এবং মার্কশীটের মূল কপি প্রদর্শন করতে হবে। তাছাড়া এগুলির সত্যায়িত কপিও কমিশনে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না এবং প্রার্থীতাও বাতিল হবে।
৩. (১) বা (২) নং অনুচ্ছেদে বর্ণিত শর্তের যে কোনটি পালন করা না হলে আবেদনপত্র সরাসরি বাতিল হবে।

৬। **প্রার্থীর শারীরিক যোগ্যতা ঃ**
সহকারী জজ পদের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য প্রার্থীকে শারিরীকভাবে সক্ষম হতে হবে। উক্ত দায়িত্ব পালনে বাধা হয় এরূপ দৈহিক বৈকল্য আছে কিনা তা যাচাই এবং প্রত্যয়নের নিমিত্ত প্রার্থীকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা মনোনীত মেডিকেল অফিসারের সম্মুখে উপস্থিত হতে হবে। শারিরীক যোগ্যতাসমূহের বিস্তারিত বিবরণ কমিশন প্রকাশিত "তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস" সম্বলিত পুস্তিকার প্রথম অধ্যায়ের ২০ অনুচ্ছেদে বর্ণিত আছে।

৭। **প্রার্থীর জাতীয়তা ঃ**
প্রার্থীকে বাংলাদেশের নাগরিক অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা অথবা বাংলাদেশের ডমিসাইল হতে হবে। তবে প্রার্থী যদি এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নন, তাহলে তিনি অযোগ্য বলে বিবেচিত হবেন।

৮। **চাকুরীরত প্রার্থীর করণীয় ঃ**
সরকারী অফিস বা স্থানীয় কর্তৃপক্ষ অর্থাৎ সংবিধিবদ্ধ সংস্থা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারী সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষ/যথাযথ কর্তৃপক্ষ অর্থাৎ মন্ত্রণালয়/ উক্ত সংস্থার প্রধান কার্যালয় এর মাধ্যমে দরখাস্ত করতে হবে।

৯। **কোটা সংরক্ষণ ঃ**
সিভিল আপীল নং ৭৯/১৯৯৯-তে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ প্রদত্ত ২৮/০৪/২০১০ ইং ও ০৭/০৬/২০১০ ইং তারিখের সিদ্ধান্তের আলোকে বিদ্যমান কোটা সংক্রান্ত বিধান সংশোধনক্রমে মুক্তিযোদ্ধাদের সন্তান, মহিলা, জেলা এবং উপজাতীয় সম্প্রদায়ের জন্য কোটা নির্ধারণের বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন আছে। অন্যান্য প্রার্থীর ন্যায় উক্ত কোটাসমূহের সুবিধাভোগী প্রার্থীগণ প্রাথমিক, লিখিত ও মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হবেন এবং উপযুক্ত প্রার্থী মনোনয়নের পর্যায়ে উক্ত রূপে নির্ধারিত কোটা অনুসরণক্রমে তাদের ক্ষেত্রে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করবে। উল্লেখ্য যে সংশ্লিষ্ট বিধিবিধান সংশোধনী প্রক্রিয়া চলাকালে প্রার্থী বাছাই কার্যক্রম শুরুর জন্য মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ উহার ২৮/০৪/২০১০ ইং তারিখের সিদ্ধান্তে কমিশনকে অনুমতি দিয়েছেন।

১০। **পরীক্ষার ধরণ, তারিখ ও পাস নম্বর ঃ**

(ক) প্রাথমিক পরীক্ষা-

সঠিকভাবে আবেদনকারী সকল প্রার্থীকে Quiz ধরনের ১০০ নম্বরের প্রাথমিক পরীক্ষায় (Preliminary Examination) অবতীর্ণ হতে হবে। কোটার সুবিধাভোগী প্রার্থীসহ সকল প্রার্থীকেই প্রাথমিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(খ) লিখিত ও মৌখিক পরীক্ষা-

৫ম বিজেএস পরীক্ষা, ২০১০ এর জন্য ১০০০ নম্বরের লিখিত ও ১০০ নম্বরের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার বিস্তারিত তথ্যাদি "তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস" নামীয় পুস্তিকার প্রথম অধ্যায়ের ১৩—১৯ অনুচ্ছেদে বর্ণিত আছে।

(গ) প্রাথমিক, লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি মারফত জানানো হবে।

(ঘ) *ন্যূনতম পাস নম্বর -*

প্রাথমিক পরীক্ষায় ন্যূনতম পাস নম্বর ৫৫%, লিখিত পরীক্ষার বিষয়সমূহে গড়ে পাস নম্বর ৫০% এবং মৌখিক পরীক্ষায় পাস নম্বর ৫০%।

বিশেষ দ্রষ্টব্য ঃ
লিখিত পরীক্ষার কোন বিষয়ে কোন প্রার্থী ৩০% এর কম নম্বর পেলে উক্ত বিষয়ে তিনি কোন নম্বর পাননি বলে গণ্য হবে। শুধু লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হবার সুযোগ পাবেন। বিজেএস পরীক্ষা একটি প্রতিযোগীতামূলক পরীক্ষা বিধায় ন্যূনতম পাস নম্বর প্রাপ্তি কমিশন কর্তৃক মনোনয়নের নিশ্চয়তা প্রদান করে না।

১১। **আবেদনপত্র ফরম এবং তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস সম্বলিত পুস্তিকার মূল্য এবং পরীক্ষার ফিসঃ**

(ক) আবেদনপত্র ফরম এবং বিস্তারিত সিলেবাস সহ প্রাথমিক, লিখিত, মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষার আনুষঙ্গিক তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস সম্বলিত পুস্তিকার মূল্য বাবদ ১০০ (একশত) টাকা নগদ প্রদানের মাধ্যমে অনুচ্ছেদ- ১২ তে উল্লেখিত সোনালী ব্যাংকের নির্ধারিত শাখা থেকে সংগ্রহ করতে হবে। তবে যুক্তরাজ্যের লন্ডনস্থ সংশ্লিষ্ট সোনালী ব্যাংক থেকে উক্ত ফরম ও পুস্তিকা ক্রয়ের ক্ষেত্রে নগদ ১ (এক) জি বি পাউন্ড এবং আমেরিকার নিউইয়র্কস্থ সোনালী এক্সচেঞ্জ কোঃ থেকে ক্রয়ের ক্ষেত্রে নগদ ২ (দুই) আমেরিকান ডলার পরিশোধ করতে হবে।

(খ) পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা "সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়" এর অনুকূলে এতদ্সংক্রান্ত নির্ধারিত | ১ | ২১০১ | ০০০২ | ২০৩১ | নম্বর কোডে বাংলাদেশ ব্যাংক অথবা উহার দায়িত্বপালনকারী ব্যাংকের যে কোন শাখায় ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। তবে অনুচ্ছেদ-১২ তে উল্লেখিত সোনালী ব্যাংকের লন্ডনস্থ শাখা ও উক্ত ব্যাংকের নিউইয়র্কস্থ সোনালী এক্সচেঞ্জ কোঃ ইনঃ এ পরীক্ষার ফি জমা করার ক্ষেত্রে যথাক্রমে- ৫ (পাঁচ) জি বি পাউন্ড বা ৮ (আট) আমেরিকান ডলার নগদ পরিশোধ করে ব্যাংক রসিদ সংগ্রহ করে উহার মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য উক্ত বৈদেশিক মুদ্রায় পরীক্ষার ফি জমাদানের ক্ষেত্রে কোন ট্রেজারী চালানের প্রয়োজন হবে না।

১২। **আবেদনপত্র ফরম (আনুষঙ্গিক ফরমসহ) এবং তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস সম্বলিত পুস্তিকার প্রাপ্তিস্থান ঃ**
সোনালী ব্যাংক লিঃ এর নিম্নলিখিত শাখাসমূহ হতে আবেদনপত্র ফরম (আনুষঙ্গিক ফরমসহ) এবং লিখিত পরীক্ষার তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাসসহ প্রাথমিক, লিখিত, মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষার আনুষঙ্গিক তথ্য ও নির্দেশনা সম্বলিত পুস্তিকা নগদ মূল্যে ০৮/০৭/২০১০ ইং তারিখ হতে ০২/০৮/২০১০ ইং তারিখ পর্যন্ত ব্যাংক খোলা থাকা সাপেক্ষে সংগ্রহ করা যাবে। শেষ তারিখ ও সময়ের পর আবেদনপত্রের ফরম ও পুস্তিকা বিক্রী বন্ধ হয়ে যাবে।

ঢাকা বিভাগ
(ঢাকা মহানগরীস্থ শাখা)
১. ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা।
২. সুধীম কোর্ট শাখা, ঢাকা।
৩. উত্তরা মডেল টাউন শাখা, ঢাকা।
৪. বনানী শাখা, ঢাকা।
৫. মিরপুর-১ শাখা, ঢাকা।
৬. মালিবাগ শাখা, ঢাকা।
৭. রমনা কর্পোরেট শাখা, ঢাকা।
৮. সদরঘাট কর্পোরেট শাখা, ঢাকা।
৯. ফার্মগেট শাখা, ঢাকা।
১০. গ্রীণ রোড শাখা, ঢাকা।

(ঢাকা মহনগরীর বাইরের শাখা)
১১. টাঙ্গাইল শাখা, টাঙ্গাইল।
১২. জামালপুর শাখা, জামালপুর।
১৩. ফরিদপুর শাখা, ফরিদপুর।
১৪. ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ।
১৫. মানিকগঞ্জ শাখা, মানিকগঞ্জ।
১৬. গাজীপুর কোর্ট বিল্ডিং শাখা, গাজীপুর।
১৭. কিশোরগঞ্জ শাখা, কিশোরগঞ্জ।
১৮. নেত্রকোনা শাখা, নেত্রকোনা।
১৯. শেরপুর শাখা, শেরপুর।
২০. নরসিংদী শাখা, নরসিংদী।
২১. নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ।
২২. মুন্সীগঞ্জ শাখা, মুন্সীগঞ্জ।
২৩. মাদারীপুর শাখা, মাদারীপুর।
২৪. গোপালগঞ্জ শাখা, গোপালগঞ্জ।
২৫. রাজবাড়ী শাখা, রাজবাড়ী।
২৬. শরিয়তপুর শাখা, শরিয়তপুর।

চট্টগ্রাম বিভাগ
২৭. আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
২৮. লালদিঘী কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
২৯. পাঁচলাইশ শাখা, চট্টগ্রাম।
৩০. পটিয়া শাখা, চট্টগ্রাম।
৩১. রাঙ্গামাটি শাখা, রাঙ্গামাটি।
৩২. খাগড়াছড়ি শাখা, খাগড়াছড়ি।
৩৩. বান্দরবান শাখা, বান্দরবান।
৩৪. কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা।
৩৫. মাইজদী কোর্ট শাখা, নোয়াখালী।
৩৬. কক্সবাজার শাখা, কক্সবাজার।
৩৭. লক্ষীপুর শাখা, লক্ষীপুর।
৩৮. ফেনী শাখা, ফেনী।
৩৯. চাঁদপুর শাখা, চাঁদপুর।
৪০. ব্রাহ্মণবাড়ীয়া শাখা, বাহ্মণবাড়ীয়া।

সিলেট বিভাগ
৪১. সিলেট কর্পোরেট শাখা, সিলেট।
৪২. দরগাগেইট কর্পোরেট শাখা, সিলেট।
৪৩. মৌলভীবাজার শাখা, মৌলভীবাজার।
৪৪. হবিগঞ্জ শাখা, হবিগঞ্জ।
৪৫. সুনামগঞ্জ শাখা, সুনামগঞ্জ।

রাজশাহী বিভাগ
৪৬. রাজশাহী কর্পোরেট শাখা, রাজশাহী।
৪৭. রাজশাহী কোর্ট বিল্ডিং শাখা, রাজশাহী।
৪৮. পাবনা শাখা, পাবনা।
৪৯. বগুড়া কর্পোরেট শাখা, বগুড়া।
৫০. নাটোর শাখা, নাটোর।
৫১. চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ।
৫২. সিরাজগঞ্জ শাখা, সিরাজগঞ্জ।
৫৩. নওগাঁ শাখা, নওগাঁ।
৫৪. জয়পুরহাট শাখা, জয়পুরহাট।

রংপুর বিভাগ
৫৫. রংপুর কর্পোরেট শাখা, রংপুর।
৫৬. দিনাজপুর কর্পোরেট শাখা, দিনাজপুর।
৫৭. গাইবান্ধা শাখা, গাইবান্ধা।
৫৮. কুড়িগ্রাম শাখা, কুড়িগ্রাম।
৫৯. নীলফামারী শাখা, নীলফামারী।
৬০. লালমনিরহাট শাখা, লালমনিরহাট।
৬১. ঠাকুরগাঁও শাখা, ঠাকুরগাঁও।
৬২. পঞ্চগড় শাখা, পঞ্চগড়।

খুলনা বিভাগ
৬৩. কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া।
৬৪. যশোর কর্পোরেট শাখা, যশোর।
৬৫. খুলনা কর্পোরেট শাখা, খুলনা।
৬৬. মাগুরা শাখা, মাগুরা।
৬৭. বাগেরহাট শাখা, বাগেরহাট।
৬৮. সাতক্ষীরা শাখা, সাতক্ষীরা।
৬৯. ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ।
৭০. নড়াইল শাখা, নড়াইল।
৭১. চুয়াডাঙ্গা শাখা, চুয়াডাঙ্গা।
৭২. মেহেরপুর শাখা, মেহেরপুর।

বরিশাল বিভাগ
৭৩. বরিশাল কর্পোরেট শাখা, বরিশাল।
৭৪. পটুয়াখালী শাখা, পটুয়াখালী।
৭৫. ভোলা শাখা, ভোলা।
৭৬. বরগুনা কোর্ট বিল্ডিং শাখা, বরগুনা।
৭৭. পিরোজপুর শাখা, পিরোজপুর।
৭৮. ঝালকাঠী কোর্ট বিল্ডিং শাখা, ঝালকাঠী।

বৈদেশিক শাখা/এক্সচেঞ্জ হাউজ
৭৯. **Chief Executive Officer**
Sonali Bank (UK) Ltd.
London Main Branch
29-33, Osbom Street (3rd Floor)
London El 6 TD, UK.
৮০. **President & CEO**
Sonali Exchange Co. Inc.
Manhattan Office
211 East 43rd Street
Suite # 1503
NY-10017, New York, U.S.A.

১৩। **স্বহস্তে আবেদনপত্র ও অন্যান্য ফরম পূরণ ঃ**
ব্যাংক থেকে সংগৃহীত কমিশনের নির্ধারিত আবেদনপত্র, প্রবেশপত্র, পরিচিতি প্রতিপাদনপত্র ও যোগাযোগের ঠিকানা সংক্রান্ত ফরমসমূহ প্রার্থী নিজ হাতে পূরণ করবেন এবং আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবেন। সংশ্লিষ্ট ব্যাংক হতে সংগৃহীত কমিশনের সীল সম্বলিত ফরম ছাড়া উক্ত ফরমের ফটোকপি, অন্য কোনভাবে প্রস্তুতকৃত ফরমের অনুলিপি বা সাদা কাগজ এ করা কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১৪। **আবেদনপত্রের সাথে সংযোজিতব্য প্রয়োজনীয় কাগজপত্র ঃ**
আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে-

(ক) এস এস সি/সমমান ও এইচ এস সি/সমমান পরীক্ষা পাসের মূল সনদের ও মূল মার্কশীটের সত্যায়িত ফটোকপি।
(খ) আইন বিষয়ে স্নাতক/এলএল.এম পরীক্ষা পাসের মূল/সাময়িক সনদের এবং মূল মার্কশীটের সত্যায়িত ফটোকপি।
(গ) আইন বিষয়ে স্নাতক/এলএল.এম পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীর ক্ষেত্রে, অবতীর্ণ সনদের সত্যায়িত ফটোকপি।
(ঘ) স্নাতক ও তদূর্ধ্ব ডিগ্রী থাকলে উহার সনদ/সাময়িক সনদের ও মার্কশীটের সত্যায়িত ফটোকপি।
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(চ) আবেদনপত্রে উল্লেখিত স্থায়ী ঠিকানা যে এলাকায় অবস্থিত উক্ত এলাকার ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান বা সিটি কর্পোরেশনের মেয়র বা ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ফটোকপি। বিকল্প হিসাবে উক্ত স্থায়ী ঠিকানার প্রমাণ স্বরূপ জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি গ্রহণযোগ্য।
(ছ) সম্প্রতি তোলা ০৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (পূরণকৃত আবেদনপত্র, প্রবেশপত্র ও পরিচিতি প্রতিপাদনপত্র ফরমে চিহ্নিত স্থানে সংযুক্ত করতে হবে)।
(জ) (i) সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের অনুকূলে নির্ধারিত কোডে পরীক্ষার ফিস জমা করার প্রমান স্বরূপ চালানের মূল কপি (পূরণকৃত আবেদনপত্র ফরমে চিহ্নিত স্থানে সংযুক্ত করতে হবে)।
(ii) বিজ্ঞাপনে উল্লেখিত লন্ডন ও নিউইয়র্ক সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট শাখা/এক্সচেঞ্জ কোঃ ইন এ পরীক্ষার ফিস জমা করার ক্ষেত্রে ব্যাংক রসিদের মূল কপি (পূরণকৃত আবেদনপত্র ফরমে চিহ্নিত স্থানে সংযুক্ত করতে হবে)।
(ঝ) প্রবেশপত্র, পরিচিতি প্রতিপাদনপত্র ও পত্র যোগাযোগের ঠিকানার পূরণকৃত ফরমসমূহ।
(ঞ) প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি।
(ট) (i) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬/০২/০২ ইং তারিখের মুঃ বিঃ মঃ/সনদ-১/প্র-১/২০০২/২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি।
(ii) ১৯৯৭ হতে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(iii) মুক্তিযোদ্ধা সনদ হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র প্রাথমিকভাবে গ্রহণ করা হবে।

বিঃ দ্রঃ (১) উপরে বর্ণিত যে সকল ক্ষেত্রে সত্যায়িত কাগজপত্র দাখিলের শর্ত আছে সে সকল কাগজপত্র ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
(২) উপরে বর্ণিত যে সকল কাগজের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করার নির্দেশ আছে সেগুলির মূল কপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে, অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবেনা এবং প্রার্থীতা বাতিল করা হবে।
(৩) সংযুক্ত যে কোন সনদ/মার্কশীট এর সত্যতা যাচাইয়ের জন্য কমিশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় রিপোর্ট সংগ্রহ করার সিদ্ধান্ত নিতে পারে।

১৫। **আবেদনপত্র বাতিল ঃ**
অসম্পূর্ণ বা ভুল তথ্য সম্বলিত বা প্রয়োজনীয় কাগজপত্রবিহীন আবেদনপত্র বাতিল করা হবে এবং এতদ্সংক্রান্ত বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

১৬। **পরিবর্তনের অধিকার সংরক্ষণ ঃ**
এই বিজ্ঞাপনে উল্লেখিত কোন বিষয় বা তথ্য কমিশন প্রয়োজনবোধে পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে। এ ধরণের পরিবর্তন হলে বিষয়টি পত্রিকায় বিজ্ঞাপন মারফত প্রচার করা হবে।

১৭। **বিশেষ নির্দেশনা**
৫ম বিজেএস পরীক্ষার প্রার্থীদের আবেদনপত্র সংগ্রহ ও জমাদানের **শেষ তারিখ আগামী ০২/০৮/২০১০ ইং বিকাল ৫:০০ ঘটিকা** পর্যন্ত নির্ধারণ করা আছে। আবেদনপত্র সমূহ প্রাপ্তির পর কমিশন সচিবালয়ে ঐগুলি স্ক্রুটিনি করা হবে। কোন আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে বা সঠিক পাওয়া না গেলে তা বাতিল হয়ে যেতে পারে। কাজেই আবেদনপত্র জমাদানের শেষ তারিখের জন্য অপেক্ষা না করে আগ্রহী প্রার্থীদেরকে যথাশীঘ্র আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

* এ বিজ্ঞাপনটি দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রচারের তারিখ হতে পরবর্তী ১৫ দিন উক্ত পত্রিকার ওয়েব সাইট www.prothom-alo.com এ প্রদর্শিত হবে। এছাড়া দৈনিক ইত্তেফাক, দৈনিক জনকণ্ঠ ও The Daily Star পত্রিকায় বিজ্ঞাপন প্রচারের তারিখে উক্ত পত্রিকা সমূহের ওয়েব সাইটে বিজ্ঞাপনটি পাওয়া যাবে।

(মোঃ শাহেনূর)
পরীক্ষা নিয়ন্ত্রক

GD-2930